বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ ,মতিঝিল, ঢাকা-১০০০

ফোন ঃ ৪৭১২০৫১৩
মেইলঃ dgmrmd@krishibank.org.bd

## ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
## (মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/ বাস্তবায়নের লক্ষ্যে AML/CFT সম্পর্কিত অত্র ব্যাংক কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভা ১৮-০৪-২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব মোঃ মোশাররাফ হোসেন মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে zoom meeting এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/ নির্বাহীগণ virtually উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মোশাররাফ হোসেন | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আকতার হোসেন | উপমহাব্যবস্থাপক , ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য |
| ০৩ | জনাব মামুনুর রশীদ | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব মোঃ আবু ছাদেক মিয়া | উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬ | জনাব খান তামজিদ আহমেদ | উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ ফরিদ হাসান | সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব মোঃ জসিমউদ্দিন | সহকারী মহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব জান্নাতআরা ফেরদৌস | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য- সচিব |

কেন্দ্রীয় পরিপালন কমিটি (**CCC**) এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যকলাপ ও জঙ্গী তৎপরতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয় হিসাবে উল্লেখ করেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর উপর AML/CFT বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সভার শুরুতে গত ১৮-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২০২১ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং পরবর্তীতে সভায় আলোচ্য সূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

০২। ***কেন্দ্রীয় পরিপালন কমিটি (সিসিসি) সংক্রান্ত ঃ***

বাংলাদেশ কৃষি ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন কমিটি কে একটি কার্যকর কমিটিতে রুপান্তরের জন্য বাংলাদেশ ব্যাংক, বিএফআইইউ হতে গত ১৩/০১/২০২১ তারিখের পত্র নং - বিএফআইইউ (ব্যাংক মনিটরিং)/০৯/২০২১-১১০-এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায় অত্র ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নির্দেশনাসমূহ যাতে সঠিকভাবে পরিপালিত হয় সে বিষয়ে স্ব স্ব বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার নির্দেশনার প্রেক্ষিতে সে সব বিভাগ অবহিত করেছে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন এবং যে বিভাগ কর্তৃক অবহিত করা হয় নি তাদেরকে পরবর্তী সভায় এতদ্সংশ্লিষ্ট পরিপালন কার্যক্রম বিশেষকরে করেস্পন্ডেন্ট ব্যাংকিং সংশ্লিষ্ট বিষয়াদি , বৈদেশিক বানিজ্যের ক্ষেত্রে সংগঠিত ট্রেড বেইজড মানিলন্ডারিং সংক্রান্ত সচেতনার ক্ষেত্রে পরিপালিত বিষয়াদি/প্রশিক্ষন এবং সদস্যভুক্ত অন্যান্য বিভাগসমূহ কর্তৃক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পরিপালিত বিষয়াদি সম্পর্কে পরবর্তী সভাকে অবহিত করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

( কার্যকরণঃ ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ/ আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ / হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/আইসিটি অপারেশন বিভাগ- সদস্য কেন্দ্রীয় পরিপালন কমিটি (সিসিসি) বিকেবি, প্রকা, ঢাকা।)

০৩। **Independent Testing Procedures/ Self Assessment** কার্যাবলী মূল্যায়ন সংক্রান্ত ঃ

বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ কর্তৃক জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-২৬ তারিখ ১৬-০৬-২০২০ এর নির্দেশনা অনুযায়ী স্বনির্ধারণী পদ্ধতিতে শাখার অবস্থান নির্ণয় সম্পর্কিত তথ্যের ভিত্তিতে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত মূল্যায়ন প্রতিবেদন/ Independent Testing Procedures মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল এর পরিশিষ্ট-গ অনুযায়ী CCC তে প্রেরণ করে থাকে।

এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

(ক) আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক মূল্যায়নকৃত ৩১/১২/২০২০ ষান্মাসিক ভিত্তিক Independent Testing Procedures সংক্রান্ত প্রতিবেদন ১০৩৮ টি শাখার মধ্যে ৪৫৭ টি শাখা থেকে সংগ্রহ করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়েছে। বর্তমানে ৩০/০৬/২০২১ ভিত্তিক Independent Testing Procedures সংক্রান্ত প্রতিবেদন সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় থেকে প্রেরণ নিশ্চিত করার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে।

(কার্যকরণঃ সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)

০৪। **AML System Check / প্রশিক্ষণ সংক্রান্ত ঃ**

করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে জুন/২০২১ এর পর হতে অত্র ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য কর্মকর্তা/কর্মচারীদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আরও বেশি বেশি কার্যকর প্রশিক্ষন এর আয়োজন করা হবে বলে কমিটিতে সিদ্ধান্ত গৃহিত হয় ।

(কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ /হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রকা ঢাকা ও বিকেবি ষ্টাফ কলেজ ।)

০৫। **CTR প্রেরণ সংক্রান্ত ঃ**

(ক) goAML ওয়েবসাইটে Online এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে CTR/STR বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। ফেব্রুয়ারী/২১ মাসে ৫৬৩৫ টি সিটিআর বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকলে আগামী ডিসেম্বর /২০২১ মাসে সিটিআর এর সংখ্যা ১০০০০ হবে মর্মে আশা করা হয়। এ বিষয়ে অনলাইনে সিটিআর পোষ্টিং এবং তা goAML ওয়েবসাইটে এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে প্রেরনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য আইসিটি অপারেশন বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(কার্যকরণঃ আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)

০৬। **e- KYC সংক্রান্ত ঃ**

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনানুযায়ী অত্র ব্যাংকে e- KYC সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন কে তরান্বিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(কার্যকরণঃ আইসিটি মহাবিভাগ/ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বিকেবি প্রকা,ঢাকা।)

০৭। ***লেনদেন মনিটরিং সংক্রান্ত ঃ***

**গত ০১-০৭-২০২০ হতে ৩১-১২-২০২০ পর্যন্ত যে সব শাখা** CTR রিপোটিং করেছে সে সকল শাখা প্রেরিত তথ্যাদি পুনরায় পর্যালোচনা করে লেনদেনকৃত হিসাব সমূহে কোন ধরনের অসংগতি পরিলক্ষিত হয় কিনা তা পুনরায় পর্যালোচনা করা হচ্ছে। লেনদেন পর্যালোচনা করে ৫ টি STR রিপোটিং করা হয়েছে।

( কার্যকরণঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।)

০৯। **তফসিলি ব্যাংকসমূহে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সিস্টেম চেক পরিদর্শন কার্যক্রম পরিচালনার নিমিত্তে *মডেল শাখা মনোনয়ন সংক্রান্ত ঃ***

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ১৯.০১.২১ তারিখের পত্র নং- বিএফআইইউ (ব্যাংক মনিটরিং)-০৯/২০২১-১৫৩-অনুযায়ী ব্যাংকসমূহের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের (CAMLCO) সাথে ভার্চুয়াল সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০২১ সালে তফসিলি ব্যাংকসমূহে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সিস্টেম চেক পরিদর্শন কার্যক্রম পরিচালনার নিমিত্তে অত্র ব্যাংকের শাখাসমূহের ব্যবসায়িক কার্যক্রমের ভলিউম (বৈদেশিক বানিজ্য,ঋণ ও আমানতের পরিমান,মন্দ ঋনের পরিমান ও রেমিটেন্সের পরিমান ) বিবেচনাকরতঃ শীর্ষ ১০ টি শাখার তালিকা প্রেরন এর নির্দেশনার বিপরীতে মনোনীত নিম্নোক্ত ১০ টি মডেল শাখা নাম সভাকে অবহিত করা হয়।

১. লোকাল প্রিন্সিপাল অফিস ২.কাওরান বাজার কর্পোরেট শাখা ৩.বনানী কর্পোরেট শাখা ৪. সিলেট কর্পোরেট শাখা ৫. খুলনা কর্পোরেট শাখা ৬. আগ্রাবাদ কর্পোরেট শাখা ৭. চকবাজার শাখা ৮. শ্যামলী শাখা ৯. শনির আখড়া শাখা ১০. বি-বাড়িয়া শাখা।

এমতাবস্থায় মনোনীত শাখাসমূহ যাতে সিস্টেম চেক বিষয়ক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহন করে সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও মনিটরিং জোরদারকরনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

( কার্যকরণঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, ১০ টি মডেল শাখা বিকেবি)

১০। ***শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগকে CCC কমিটির সদস্য করা সংক্রান্ত ঃ***

হিসাব খোলার ফরম সংক্রান্ত কার্যক্রম , e- KYC বাস্তবায়ন সংক্রান্ত ব্যবসায়িক পরিকল্পনা প্রনয়ন প্রভৃতি গুরুত্বপূর্ন বিষয়সমূহ এর ক্ষেত্রে প্রয়েজনীয় পদক্ষেপ গ্রহনের মাধ্যমে সিসিসি এর কার্যক্রমকে আরও বেগবান ও তরান্বিত করার জন্য বিএফআইইউ সার্কুলার নং-২৬ এর ১.৩.১(চ) অনুযায়ী প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগকে CCC কমিটির সদস্য করার জন্য কমিটিতে সিদ্ধান্ত গৃহিত হয়।

( কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল,ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি প্রকা )

১১। CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রাণবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে CCC এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোশাররাফ হোসেন)
মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২০-২০২১/৩৮৯৬ তারিখ ঃ ২০-০৪-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

(মোঃ আকতার হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)